



# বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

কৃষিই সমৃদ্ধি

নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

স্মারক নং- ১২.২০.০০০০.০০৪.২৯.০০২.১৯/২৬৭

তারিখঃ ০২/০২/২০২০ খ্রি:

ড. মোঃ ওবায়দুল ইসলাম  
প্রফেসর, ক্রপবোটানি বিভাগ  
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়  
ময়মনসিংহ।

**বিষয়: “Production and Marketing of Tissue Culture based Planting Materials of High Value Crops”** শীর্ষক কর্মশালায় সার্বক্ষণিক অংশগ্রহণ ও পাওয়ার পয়েন্টে উপস্থাপনা প্রসংগে।

সূত্র: বিএআরসি'র পত্র নং- ১২.২০.০০০০.০০৪.২৯.০০২.১৯-১২৩; তারিখঃ ১৫/০১/২০২০ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ০২ মার্চ, ২০২০ তারিখে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এর উদ্যোগে বিএআরসি'র অডিটরিয়ামে “Production and Marketing of Tissue Culture based Planting Materials of High Value Crops” শীর্ষক কর্মশালা আয়োজন করা হয়েছে। Tissue Culture এর মাধ্যমে মানসম্পন্ন বীজ/Planting Materials উৎপাদনে গবেষণা ও উন্নয়নের প্রাধিকার নির্ধারণ এবং ভবিষ্যত গবেষণা ও উন্নয়ন বিশেষত নতুন উদ্ভাবিত ফসলের বীজ/Planting Materials কৃষক পর্যায়ে বিস্তার বিষয়ক পরিকল্পনা প্রণয়নে করণীয় নির্ধারণ, এ কর্মশালায় মূল লক্ষ্য। দিনব্যাপী এ কর্মশালায় নার্স প্রতিষ্ঠান, বিএডিসি, বিশ্ববিদ্যালয় ও বেসরকারী প্রতিষ্ঠান কর্তৃক Tissue Culture এর মাধ্যমে মানসম্পন্ন বীজ/Planting Materials উৎপাদনে গবেষণা ও উন্নয়ন বিষয়ক প্রবন্ধ উপস্থাপিত হবে। কর্মশালায় বিজ্ঞানী, সম্প্রসারণবিদ, শিক্ষক এবং বেসরকারী প্রতিষ্ঠানের প্রায় ১২০ জন প্রতিনিধি অংশগ্রহণ করবেন। উল্লেখ্য, Tissue Culture এর মাধ্যমে সম্পাদিত কাজের উপর প্রবন্ধ প্রণয়ন ও কর্মশালায় উপস্থাপনের বিষয়ে ইতোমধ্যে পত্র প্রেরণ করা হয়েছে।

এমতাবস্থায়, আগামী ০২ মার্চ, ২০২০ তারিখে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলে অনুষ্ঠিত কর্মশালায় সার্বক্ষণিক অংশগ্রহণ ও প্রতিবেদন উপস্থাপনার জন্য অনুরোধ করা হলো।

এ ব্যাপারে আপনার সার্বিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

(ড. শেখ মোহাম্মদ বখতিয়ার)

নির্বাহী চেয়ারম্যান

ফোন: ৯১৩৫৫৮৭

ই-মেইল: ec-barc@barc.gov.bd

অনুলিপি:

১। বিভাগীয় প্রধান, ক্রপবোটানি বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।